

‘এবং মজ্জা’-বিশ্ববিদ্যালয় যজ্ঞস্বী আয়োগ (U.G.C.- CARE List) অনুমোদিত

অনিকার অন্তর্ভুক্ত। ভারতীয় ভাষায় পত্রিকা ক্রমিক নং-৯৬, ২০১৯।

এবং মজ্জা

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাস্বী বার্ষিক পত্রিকা)

২২ অমবর্ষ, ১২১ সংখ্যা, মে, ২০২০

সম্পাদক

ডা. মদনমোহন বেরা

কে.কে. প্রকাশন

গোলকুঁয়াচক, মেদিনীপুর, প. বঙ্গ।

'Ebong Mahua'--UGC - CARE Approved listed Journal.
Journal Serial No.-96 (Indian Languages out of 114), Bengali, Faculty of
Arts journal Serial No.--32

EBONG MAHUA

Bengali Language, Literature, Research and Referred with
Peer-Review Journal

22th Year, 121 Volume

May, 2020

Published By

K. K. Prakashan

Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.

DTP and Printed By

K.K.Prakashan

Cover Designed By

Kohinoorkanti Bera

Special Editorial Co-ordinator

Amit Kumar Maity

Communication :

Dr. Madanmohan Bera, Editor.

Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.

Mob.-9153177653

Email- madanmohanbera51@gmail.com /

kohinoor bera @ gmail.com

Rs 500

সূচী পত্র

| |
|---|
| ১. ভারতীয় আধুনিকনৃত্যের দুই যুগপুরুষ: রবীন্দ্রনাথ ও উদয়শঙ্কর :: ইলিয়া দাস মুখার্জী.....৯ |
| ২. চাঁদ বণিকের পালা : গান ও তার প্রাসঙ্গিকতা :: প্রভাতচন্দ্র সরকার.....২১ |
| ৩. কবি কঙ্কণ চন্দীর ফুল্লরা চরিত্র :: শ্রেয়া মন্ডল.....২৯ |
| ৪. রিজিয়া খাতুন চৌধুরানীর ছোটগল্প :: মিজানুর রহমান.....৩৭ |
| ৫. সুশাসন ও স্বশাসন : ভারতীয় প্রেক্ষাপট :: প্রশান্ত শাট.....৪৩ |
| ৬. স্বামী বিবেকানন্দের গ্রন্থাগার ভাবনা :: অনিমেঘ হালদার.....৫২ |
| ৭. শিবনিবাসে 'মেলায়' মন্দির এবং সামাজিক ধারার উন্মেষ :: অসীম কুমার মন্ডল.....৫৮ |
| ৮. উত্তর-ঔপনিবেশিক যুগে পশ্চিমবঙ্গের মুসলমান : নাগরিকত্ব ও আত্ম-পরিচিতি :: সৈয়দ শরফরাজ আজম.....৬৫ |
| ৯. চেতন্যালোকে আলোকিত অন্ত্যজ সমাজ :: অনিমেঘ গোলদার.....৭২ |
| ১০. বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ মহাবিদ্যালয় গ্রন্থাগারগুলির অবস্থান পর্যালোচনা :: অভিষেক চৌধুরী.....৭৯ |
| ১১. জীবন রস রসিক, মগ্ন ধ্যানী কবি— অরুণ মিত্র :: ইরাবতী মণ্ডল.....৮৪ |
| ১২. গনেশ বসুর কবিতা : এক ছিন্নমূল মানুষের দৃষ্টিতে স্বদেশ ও সমকাল :: নিখিল চন্দ্র মাহাতো.....৮৮ |
| ১৩. 'ভারতীয় বিভিন্ন ভাষায় সতীময়না' কাব্যের তুলনামূলক আলোচনা :: রুবিনা খাতুন.....৯৭ |
| ১৪. পুরুলিয়ার লোক সংস্কৃতির প্রাণ ছোঁচ : একটি সামগ্রিক পর্যালোচনা :: সুশান্ত রজক.....১০৩ |

শিবনিবাসে 'মেলায়' মন্দির এবং সামাজিক ধারার উন্মেষ

অসীম কুমার মন্ডল

সারকথা :

শিবনিবাস একটি প্রাচীন জনপদ এবং শিবনিবাসের মেলা নদীয়া জেলার মেলাগুলির মধ্যে অন্যতম একটি শতাব্দী প্রাচীন 'মন্দির কেন্দ্রিক' মেলা। দুটি বৃহৎ শিবলিঙ্গের রাজরাজেশ্বর ও রাজীশ্বর মন্দির এবং একটি রামসীতা বিগ্রহ প্রতিষ্ঠিত চারচালা মন্দিরকে কেন্দ্র করে ভীম একাদশীর এই মেলা একদা অঞ্চলের অসংখ্য জনমনের বিশ্বাস ও সামাজিক ভাবনার প্রতিফলন ঘটায়। মেলাকে 'মেলায়' মেলা— এই সত্য চিরকালীন, তবে 'মন্দির' যে এই মেলাতে বিশেষ সামাজিক মেলবন্ধন ঘটায় তা শিবনিবাসের প্রত্যন্ত গ্রামীণ মেলাটি প্রমাণ করে। সারা বছর ধরে দূর-দূরান্তের বিশ্বাসী, ধর্মভীরু ও মন্দির প্রেমী মানুষ তাদের বিশ্বাসের টানে এখানে ছুটে আসে এবং মন্দিরের রাসীতা ও অন্যতম বৃহৎ শিবলিঙ্গ দর্শন করে ধন্য হয়। তাদের মধ্যে তৈরি হয় প্রেম, ভক্তি, আবেগ, বিশ্বাস ও কৌতূহল এবং উৎসাহিত হয়ে আরও মানুষের আনাগোনা বাড়ে। ফলে মেলা ব্যতিরেকেও বিভিন্ন শ্রেণি, সম্প্রদায়ের মধ্যে আদান-প্রদানের, ভাব বিনিময়ের ভাষা তৈরি হয়। উন্মেষ ঘটে সামাজিক ধারার। স্বাভাবিক ভাবেই মেলার সময় এই ধারা প্রবহমান থাকে। তাই ধীরে ধীরে মন্দির যে এই ভাবে অসংখ্য জনমনে সামাজিক বোধ জন্ম দেয়, মেলার মাধ্যমে সেই ধারা গতি পায়, সামাজিক বন্ধন মজবুত হয়, মেলার কলেবর বাড়ে এবং মিলনক্ষেত্রে পরিনত হয় মেলা। সুতরাং যে মেলাগুলি মন্দির কেন্দ্রিক সেই মেলাগুলির সামাজিক টান অনেক বেশি। মন্দিরের আবেগ, শিবলিঙ্গ ও রামসীতার প্রতি অকৃত্রিম বাঙালি বিশ্বাস ও ভাবাবেগে আপামোর বাঙালি জনমন আকৃষ্ট ও উৎসাহী। এই তাড়নাই তাদেরকে নিরলসভাবে এই মন্দির ঘিরে চতুর্দশীর মেলায় টেনে আনে। জাতি, ধর্ম, বর্ণ, সম্প্রদায় মিলেমিশে একাকার হয় মেলায়। তাই 'মন্দির' শিবনিবাস মেলার কলেবর বৃদ্ধি ও সামাজিক ধারার উন্মেষে নিঃসন্দেহে একটি বাড়তি মাত্রা যোগ করে।

সূচক শব্দার্থ :

মন্দির, মেলা, উৎসব, বিগ্রহ, জনপদ।

প্রতিবাদ্য বিষয় :

বাঙালি উৎসবমুখী এবং এই উৎসব ঘিরেই হয় 'মেলা'। বছরের বিভিন্ন